



সরকারি আদেশে ৯ সচিবের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল



সংগৃহীত ছবি

সিনিয়র সচিব ও সচিব পদমর্যাদায় চুক্তিতে থাকা নয়জন কর্মকর্তার নিয়োগ বাতিল করেছে সরকার। সোমবার (২৩ ফেব্রুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা পৃথক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

নিয়োগ বাতিল হওয়া কর্মকর্তাদের মধ্যে রয়েছেন পরিকল্পনা কমিশন, ভূমি আপিল বোর্ড, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ ও জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির শীর্ষ কর্মকর্তারা। এ ছাড়া বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালকও রয়েছেন তালিকায়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, এ আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে। একই দিনে আরও তিনজন সচিবকে নিজ নিজ দপ্তর থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে।

LENS ASIA